

এসএসসি ও দাখিল পরীক্ষার ২য় দিনে বহিষ্কার ৬৩৮

স্টাফ রিপোর্টার : এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল সোমবার দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৬৩৮ জনকে বহিষ্কার করা হয়েছে। গতকাল বাংলা দ্বিতীয় পর্বে পরীক্ষা অনুষ্ঠিত হয়। গতকালও সারাদেশে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে বলে খবর পাওয়া গেছে।

বহিষ্কৃতদের মধ্যে রয়েছে ঢাকা বোর্ডের ১৩২ জন, রাজশাহী বোর্ডের ৩৪৩ জন, চট্টগ্রাম বোর্ডের ১৪৪ জন ও যশোর বোর্ডের ১৯ জন। কুমিল্লা বোর্ড কন্ট্রোল রুম অজ্ঞাত-কারণে বন্ধ থাকায় এই বোর্ডের কোন তথ্য পাওয়া যায়নি।

ঢাকা বোর্ড কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, বোর্ডের সকল পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষায়

অসদুপায় অবলম্বনের দায়ে নরসিংদী জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে ২১ জন, মুন্সীগঞ্জে ২ জন, মানিকগঞ্জে ১৫ জন, গাজীপুরে-৬ জন, টাঙ্গাইলে ৬ জন, ময়মনসিংহে ৩১ জন, জামালপুরে ৭ জন, শেরপুরে ৪ জন, কিশোরগঞ্জে-৫ জন, নেত্রকোণায় ১৫ জন, ফরিদপুরে ২ জন, গোপালগঞ্জে ১ জন, রাজবাড়ীতে ২ জন, মাদারীপুরে ১১ জন, শরিয়তপুরে ৪ জনকে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী অফিস জানায়, চলতি এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে সোমবার রাজশাহী শিক্ষাবোর্ডের অধীন ১৬টি জেলার মধ্যে ৯টি জেলার খবর রাত ৯টায় এই রিপোর্ট লেখার সময় পর্যন্ত বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষ জানাতে পেরেছে। ৯টি জেলায়

(৫-এর পৃঃ ৫৪)

(প্রথম পৃষ্ঠার পর)

এসএসসি ও দাখিল পরীক্ষার ২য় দিনে বহিষ্কার ৬৩৮

সোমবার ৩শ' ৪৩ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এছাড়া এই ৯টি জেলায় ১শ' ৩৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

দিনাজপুরে সবচেয়ে বেশী ১শ' ৬৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়, এছাড়া রাজশাহীতে ৩৪, নাটোরে ৮, নওগাঁতে ২৯, পাবনায়-৪, বগুড়াতে ৫৩, গাইবান্ধায় ২৭, নীলকামারীতে ১১, ও পঞ্চগড়ে ৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

স্টাফ রিপোর্টার কক্সবাজার থেকে জানান, এসএসসি পরীক্ষার ২য় দিনে সোমবার কক্সবাজারে ৮ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে। অপরদিকে দাখিল পরীক্ষায় বহিষ্কৃত হয়েছে ৬ জন পরীক্ষার্থী।

যশোর ব্যুরো জানায়, যশোর শিক্ষা বোর্ডে মাধ্যমিক পরীক্ষার দ্বিতীয় দিনে ১৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এদের মধ্যে পটুয়াখালীতে এ যশোর ৮, কুষ্টিয়াতে ১ ও মাগুরায় ৬ জন রয়েছে।

পটুয়াখালী সংবাদদাতা জানান, এসএসসি ও দাখিল পরীক্ষার দ্বিতীয় দিনে খেপুগাড়া কেন্দ্র থেকে ৪ জন, দুমকি কেন্দ্র থেকে ৫ এবং বাউফল কেন্দ্র থেকে ৫ জন ছাত্রকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

এছাড়াও বাউফল সিনিয়র মাদ্রাসা কেন্দ্রে দাখিল পরীক্ষায় দায়িত্ব অবহেলার কারণে শের আলী, হারুন অর-রশীদ ও আলী খান নামের তিনজন পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে।

নিজস্ব সংবাদদাতা ঝালকাঠি থেকে জানান, সোমবার ঝালকাঠি জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ৩ জন এসএসসি ও ২৪ জন দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

এর মধ্যে নলছিটিতে ১ জন ও আমুয়ায় ২ জন এসএসসি পরীক্ষার্থী এবং রাজাপুরে ১১ জন, কাঁঠালিয়াম ১০ জন ও ঝালকাঠি সদরে ৩ জন দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

জেলার কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনা বা বিশৃঙ্খলার খবর পাওয়া যায়নি।